**সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর**

একাদশ শ্রেণির অর্ধ-বর্ষিক পরীক্ষা-২০২১

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র

বিষয় কোড: ২৬৭ পূর্ণমান: ৭০

[**বিশেষ দ্রষ্টব্য:** ১১টি প্রশ্ন থেকে যেকোন ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।]

১. প্রাচীনকাল থেকেই মানুষ ধর্মকে আশ্রয় করে জীবন নির্বাহ করে। প্রাচীনকালে মানুষ বিশ্বাস করত যে মানুষ যদি মারা যায় তাহলে তার আগের দেহেই পূর্নর্জীবন লাভ করবে যে ব্যক্তি তার দেহ মৃত্যুর পর নিঃশেষ করে দিবে সে আর পূর্নজন্ম লাভ করতে পারবে না। এই জন্যই মূলত তারা তাদের মৃতদেহকে সংরক্ষন করার জন্য মমি বানাত। আর এই মমি গুলো রাখা হতো এক বিশেষ ভাবে নির্মিত গৃহে। তাদের এই জ্ঞান-বিজ্ঞান ও গৃহনির্মণ সংক্রান্ত ধারণার দ্বারা আধুনিক বিশ্ব অনেক উপকৃত হয়।

ক. ইতিহাসের জনক বলা হয় কাকে? ১

খ. পুরোপোলীয় যুগ ও নবপোলীয় যুগ সম্পর্কে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে তোমার পঠিত কোন্ সভ্যতার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিশ্ব সভ্যতার ইতিহাসে তোমার পঠিত উক্ত সভ্যতার অবদান আলোচনা কর। ৪

২. জনাব 'ক' স্বজাতির লোকদের বিরোধীতার কারণে তার দলবলসহ পার্শ্ববর্তী শহরে গমন করেন। সেখানে তাঁর অনুসারীর সংখ্যা অনেক বৃদ্ধি পায়। এক সময় তিনি বিনা রক্তপাতে মাতৃভূমি শহরে প্রত্যাবর্তন করেন। এতে বিরোধী লোকেরা আতঙ্কিত হলেও জনাব 'ক' তাদেরকে আশ্বস্ত করেন এবং বলেন, তোমাদের প্রতি আমার কোনো অভিযোগ নেই।

ক জুন্নুরাইন বলা হয় কোন খলিফাকে? ১

খ. হযরত উসমান (রাঃ) কে কুরআন শরীফ দগ্ধীভূততকরণের অভিযোগ দেয়া হয়েছিল কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জনাব 'ক' এঁর ঘটনার সাথে ইসলামের ইতিহাসে কোন ঘটনার সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত ঘটনার গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৩. মহানবি (স) তাঁর রাজনৈতিক দূরদর্শিতা দ্বারা উপলব্ধি করতে সক্ষম হয়েছিলেন যে, মদিনা ও এর আশপাশে বসবাসকারী মুসলিম, ইহুদি, খ্রিস্টান ও পৌত্তলিকদের মধ্যে সদ্ভাব ও সম্প্রীতি স্থাপন করতে হবে। তা না হলে একটি সুসংহত রাষ্ট্র স্থাপন করা সম্ভব নয়। তাই তিনি মদিনায় বসবাসরত গোত্রগুলোর মধ্যে বিরোধ মীমাংসা করে ঐক্যবদ্ধ জাতি গঠনের জন্য ৬২২ খ্রিস্টাব্দে একটি আন্তর্জাতিক সনদ প্রণয়ন করেন।

(ক) ইসলামী আইনের মূল উৎস কী? ১

(খ) হুদায়বিয়া সন্ধিকে 'ফাতহুম মুবিন' বলা হয় কেন? ২

(গ) উদ্দীপকে উল্লিখিত তোমার পঠিত কোন্ ঘটনার সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) তোমার পঠিত উক্ত ঘটনার গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪. স্বীয় গোত্রের লোকদের দ্বারা ব্যঙ্গ, বিদ্রূপ ও অত্যাচার অবিচল থাকলেও জনাব 'ক' জানতে পারলেন যে বিধর্মীরা তাকে হত্যা করার মনস্থ করেছে, তখন ঐশীবাণী প্রাপ্ত হয়ে তিনি তার সর্বাপেক্ষা বিশ্বস্ত শিষ্যকে নিজের বিছানায় শায়িত রেখে রাতের অন্ধকারে প্রিয় মাতৃভূমি ত্যাগ করেন এবং ২৫০ মাইল দূরের মাতুলালয়ের উদ্দেশ্যে রওনা দেন। এ দেশ ত্যাগের সাথে সাথে তাঁর প্রচারিত ধর্মের মোড় ঘুরে যায় এবং তাঁর ধর্ম দ্রুত প্রসার লাভ করে।

(ক) কুরাইশ শব্দের অর্থ কী? ১

(খ) হারবুল ফুজ্জরের সংক্ষিপ্ত বিবরণ দাও। ২

(গ) উদ্দীপকের ঘটনার সাথে ইসলামের ইতিহাসের কোন ঘটনা সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

(ঘ) ইসলামের ইতিহাসের উক্ত ঘটনার ফলে ইসলামের প্রচার ও প্রসার অনেকগুণ বেড়ে যায়" –উক্তিটি যথার্থতা নিরুপণ কর। ৪

৫. সিন্ধু সভ্যতা প্রাচীন সভ্যতাগুলোর অন্যতম। এটি একটি নগরভিত্তিক সভ্যতা। তাদের লিখন পদ্ধতি ছিল চিত্রভিত্তিক। সিন্ধু সভ্যতা নগরসভ্যতা হলেও তারা উন্নত কৃষি ব্যবস্থার প্রচলন করেছিল। যব, গম, তুলাসহ নানা প্রকার ফসল তারা উৎপন্ন করত। ফলন বৃদ্ধির জন্য জমিতে বাঁধ দিত। বন্যার পানিকে সংরক্ষণ করে কাজে লাগাত। আবার জলসেচের জন্য নালা কেটে পানি এনে ফসলে দিত।

ক. পেপিরাস কী? ১

খ. সামরিক নগর রাষ্ট্র স্পার্টার প্রকৃতি কীরুপ ছিল? ২

গ. উদ্দীপকে সিন্ধু সভ্যতার লিখন পদ্ধতির সাথে প্রাচীন কোন সভ্যতার লিখন পদ্ধতির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সিন্ধু সভ্যতার কৃষিব্যবস্থা মিসরীয় সভ্যতার কৃষিব্যবস্থারই প্রতিচ্ছবি– উক্তিটি ব্যাখ্যা করো। ৪

৬। মুঘল সম্রাট জাহাঙ্গীর সাম্রাজ্যের সর্বত্র শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যে ১২টি ধারা সংবলিত 'দস্তুরুল আলম' নামে একটি ডিক্রি জারি করেন, যা ইতিহাসে Code of Jahangir নামে অভিহিত। এ ডিক্রিতে তিনি মানুষের প্রতি সমানাধিকার, দুর্বল, বিধবা ও এতিমের

অধিকার সংরক্ষণ এবং এ আইন পালনে নাগরিকদের জন্য প্রতিবিধান জারি প্রভৃতি শর্তাদি উল্লেখ করেন। ডিক্রি জারি ছাড়া সম্রাট জাহাঙ্গীর বিজ্ঞান, সাহিত্য ও ভাস্কর্যের বিকাশ এবং দর্শন ও সাহিত্যের ক্ষেত্রে ব্যাপক পৃষ্ঠপোষকতা প্রদর্শন করেছিলেন।

ক. 'প্রমিথিউস বাউন্ড' নাটকটি কার লেখা? ১

খ. প্রাচীন গ্রিসে অলিম্পিক খেলার সূত্রপাত হয় কীভাবে? ২

গ. উদ্দীপকের সাথে তোমার পঠিত রোমান আইনের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. 'তুমি কি মনে কর সম্রাট জাহাঙ্গীরের সাম্রাজ্যের মতো উক্ত সভ্যতায়ও বিজ্ঞান, সাহিত্য ও ভাস্কর্যে ব্যাপক উৎকর্ষ সাধিত হয়েছিল? মতের পক্ষে যুক্তি দাও। ৪

৭. প্রমত্তা পদ্মা নদী বিভিন্ন জেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে। প্রতি বছর বর্ষা মৌসুমে ভাঙনের কবলে পড়তে হতো কতিপয় জেলাকে। বর্তমানে পদ্মা সেতু নির্মাণের ফলে নদী শাসনের কাজ বাস্তবায়ন হওয়াই ভাঙনের হাত থেকে পদ্মা বিধৌত অঞ্চল রক্ষা পাবে। অবশ্য এ নদী কৃষি ব্যবস্থা, ব্যবসা-বাণিজ্য, মৎস্য আহরণে অত্র এলাকার জন্য আশীর্বাদস্বরুপ।

ক. ইতিহাসের জনক কে? ১

খ. মিশরকে নীল নদের দান বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত নদী শাসন ও অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের সাথে তোমার পাঠ্যবইয়ে কোন প্রাচীন সভ্যতা সাদৃশ্যপূর্ণ-ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সেই সভ্যতা বিকাশে নদ-নদীর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮. জনাব ফিরোজ প্রথম জীবনে অশৃঙ্খলিত জীবন-যাপনে অভ্যস্ত থাকলেও মধ্য বয়সে তিনি ন্যায়ের পথে আসেন। ন্যায়ের প্রতি কঠোর মনোভাব তিনি সর্বত্র প্রয়োগ করেন। তিনি তার বিশাল পরিবারকে একটি শক্তিশালী ভিত্তির উপর দাড় করাতে সক্ষম হন শুধুমাত্র তার নেতৃত্ব গুণের কারণেই। তিনি স্বজনপ্রীতিকে উপেক্ষা করে সবসময় যোগ্যতার মাপকাঠিকে প্রাধান্য দিতেন।

ক. 'সিদ্দিক'শব্দের অর্থ কী? ১

খ.'জুন্নুরাইন' বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের ফিরোজ সাহেবের ন্যায়পরায়ণতার সাথে খুলাফায়ে রাশেদীনের কোন খলিফার সাদৃশ্য রয়েছে?-ব্যাখ্যা কর। ৩

ঘ. "প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণে স্বজনপ্রীতিকে উপেক্ষা করে ন্যায়ের শাসন প্রতিষ্ঠায় উক্ত খলিফার জুড়ি মেলা ভার"- বিশ্লেষণ কর। ৪

৯. বাংলা সাহিত্যে সৈয়দ ওয়ালিউল্লাহ রচিত লালসালু মূলত আমাদের সমাজেরই একটি বাস্তব চিত্র। প্রাচীন বাংলার ইতিহাস থেকে শুরু করে আধুনিক সমাজেও ভণ্ডপীরের প্রভাব পরীলক্ষিত হয়। তবে প্রশাসনও বিভিন্ন সময় এসব ভণ্ডপীরদের আস্তানায় হানা দিয়ে তাদেরকে সমূলে উচ্ছেদ করে সত্যধর্ম প্রচারে অগ্রণী ভূমিকা পালন করেছে।

ক.'সাইফুলাহ' কার উপাধি ছিল?

খ খুলাফায়ে রাশেদীন বলতে কী বুঝায়?

গ উদ্দীপকের ঘটনার সাথে ইসলামের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে?- ব্যাখ্যা কর।

ঘ. "উক্ত ঘটনার মাধ্যমে খলিফা ইসলামের ভিত্তিকে আরো শক্তিশালী করতে সক্ষম হন"-বিশ্লেষণ কর।

১০। কর্নেল মাহমুদ দীর্ঘদিন ক্ষমতায় থেকে নিজ দেশ ও জনগনের সেবা করে একটি উন্নত জীবনযাত্রা উপহার দিলেন। কিন্তু কিছু দুষ্কৃতিকারীদের চক্রান্তে নিজ দেশের জনগনের দ্বারাই তিনি ক্ষমতাচ্যূত হন এবং হামলায় নিহত হন। এজন্যই শুধু ভালো মানুষ হলেই প্রশাসন চালানো যায়না, একইসাথে তাকে কঠোরও হতে হবে।

ক. সিফফীনের যুদ্ধ কত সালে সংঘটিত হয়? ১

খ. জামিউল কুরআন কাকে বলা হয়? - ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাক্তির সাথে তোমার পঠিত খলিফার মৃত্যুর সাদৃশ্যপূর্ণ কারণগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত খলিফার হত্যাকাণ্ড ছিল মুসলমানদের জন্য এক বিপদ সংকেত'- উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ বকুলতলা উপজেলার নতুন চেয়ারম্যান আনিছুর রহমান ক্ষমতায় বসার পর উপজেলার রহিমগঞ্জ ইউনিয়নের চেয়ারম্যান মুমিন সাহেবকে সরকারি সম্পত্তি অবৈধভাবে ভোগ-দখলের অভিযোগে বরখাস্ত করেন। অন্যদিকে মুমিন সাহেব অভিযোগ করেন যথাযথ প্রক্রিয়া না মেনেই তাকে ক্ষমতাচ্যূত করা হয়েছে। এমনকি পূর্বের উপজেলা চেয়ারম্যানের হত্যার পেছনে তার হাত রয়েছে বলেও অভিযোগ আনেন। ফলশ্রুতিতে তাদের মাঝে দ্বন্দ্ব সৃষ্টি হলে মুমিন সাহেব কূটকৌশলের মাধ্যমে উপজেলা চেয়ায়রম্যানকে পদত্যাগ করতে বাধ্য করেন।

ক. ইসলামের ইতিহাসে কোন ঘটনাকে 'ফাতহুম মুবিন' বলা হয়? ১

খ. মজলিস-উস-শূরা বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের দ্বন্দ্বের সাথে তোমার পঠিত কোন শাসকদের দ্বন্দ্ব সাদৃশ্যপূর্ণ ?- ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মূলত ঐ দ্বন্দ্বই ইসলামের ইতিহাসে গণতন্ত্রকে হত্যা করে রাজতন্ত্রের সূচনা করে' -বিশ্লেষণ কর। ৪